

বসন্ত উৎসব

মানুষেরা অরণ্যে যায় নাআজকাল
রাতের গন্ধ নিয়ে সফলশিকারি অরণ্য সাজায়
ছদ্মবেশে নির্ভুল ফোঁটায়
সময়ের সুগন্ধি বউল
মিথুন-জুলা রাত গাঢ় হয়েওঠে
মৃত্যুর ভেতর সেজে ওঠে শেষ নির্মাণ ।
সাজঘরে পাড়ভাঙে জল
বৃষ্টি হওয়ার শর্ত ছিল নাকোনো
রাত-কালো নাভিমূলে
শু হয় বসন্ত উৎসব ।

নন্দিতা বন্দ্যোপাধ্যায়

মন্ত্র এখন

মন্ত্র এখন মন্দিরে
মন্ত্র এখন মনে
মন্ত্র এখন শিশির-মাথা
নিকষ কালো জলে ।
অভিমান ভাঙছে এখন
ভুঁইচাপা দু-কূলে
সেজে উঠেছে শঙ্খমালা
হলুদ তারা ফুলে ।
এ-কুল চাইছে ও-কুল পেতে
পথের কড়ি শেষ
ও কুলও কি চাইছে এখন
ভালবাসার রেশ ।
মন এখন খুলবে বেণী
নাইবে সরোবরে
জড়িয়ে রাখবে সে-সব কথা
মুত্তবেণী চূলে ।
পদ্মশিশির ভোর ডেকেছে
ঘুম ভাঙানো ছলে
বুকের মধ্যে লক্ষ আতস
নিবিড় হবে বঁলে ।

নন্দিতা বন্দ্যোপাধ্যায়